



স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে ভারতীয় হাইকমিশনারের বৈঠক



সংগৃহীত ছবি

দায়িত্ব গ্রহণের পর প্রথমবারের মতো ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার শ্রী প্রণব কুমার ভার্মা-এর সঙ্গে বৈঠক করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার (১ মার্চ) সকালে সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দপ্তরে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

মন্ত্রণালয় সূত্র জানায়, সকাল ১০টা ৫০ মিনিটে হাইকমিশনার সচিবালয়ে পৌঁছান। প্রায় এক ঘণ্টার বেশি সময় ধরে বৈঠক চলে, যা শেষ হয় বেলা ১১টা ৪৫ মিনিটে।

আনুষ্ঠানিকভাবে এটি সৌজন্য সাক্ষাৎ হিসেবে উল্লেখ করা হলেও আলোচনায় দুই দেশের সীমান্ত পরিস্থিতি, তথ্যপ্রযুক্তি সহযোগিতা, ঢাকায় ভারতীয় দূতাবাসের নিরাপত্তা এবং বাংলাদেশি নাগরিকদের জন্য ভিসা প্রক্রিয়া সহজীকরণসহ একাধিক গুরুত্বপূর্ণ বিষয় উঠে আসে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব নেওয়ার পর ভারতের প্রতিনিধির সঙ্গে এটিই ছিল সালাহউদ্দিন আহমদের প্রথম আনুষ্ঠানিক বৈঠক। সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে, পারস্পরিক নিরাপত্তা ও দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো আলোচনায় বিশেষ গুরুত্ব পেয়েছে।